
মা/বাবা ও পরিবারের জন্য সংস্থানসমূহ

মা/বাবার জন্য রিপোর্ট: আপনার সন্তানের NYSAA ফলাফল

আপনার সন্তানকে যেসব ক্ষেত্রে মূল্যায়ন করা হয়েছে, তার প্রতিটির জন্য আপনার সন্তানের স্কুল একটি আলাদা স্কোর রিপোর্ট বাড়িতে পাঠাবে। এই ফলাফলগুলো আপনি সন্তানের অগ্রগতি বোঝার প্রথম পদক্ষেপ হিসাবে ব্যবহার করতে পারেন।



আপনাব কোনো প্রশ্ন আছে?

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা দপ্তরের (New York State Education Department, NYSED) স্টেট মূল্যায়ন অফিসে (Office of State Assessment) যোগাযোগ করুন এই নম্বরে:

518-474-5902

বা ইমেল:

EMSCASSESSINFO@nysed.gov

আরও তথ্যের জন্য:

NYSED ওয়েবপেজ ভিজিট করুন এথানে:

https://www.nysed.gov/state-assessment/new-york-state-alternate-assessment

এবং

বিশেষায়িত শিক্ষার অফিসে (Office of Special Education): https://www.nysed.gov/special-education



নিউ ইয়র্ক স্টেটের বিকল্প মূল্যায়ন ব্যবস্থা (NYSAA) সম্পর্কে একজন মা/বাবার ত্বরিত নির্দেশনা গাইড



New York State Education Department 89 Washington Avenue Albany, New York 12234

> (518) 474-5902 FAX (518) 474-1989

নিউ ইমর্ক স্টেটের বিকল্প মূল্যামন ব্যবস্থা (New York State Alternate Assessment, NYSAA) কী?

NYSAA হল নিউ ইমর্ক স্টেটের পরীক্ষা কর্মসূচির অংশ, যা সবচেয়ে গুরুতর জ্ঞান প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ইংরেজি ভাষা কলা (English language arts, ELA), গতিত এবং বিজ্ঞানের ক্ষেত্রে বিকল্প কৃতিত্বের মানসমূহের উপর ভিত্তি করে শিক্ষার্থীদের কর্মক্ষমতা পরিমাপ করে। এই মানগুলোর জটিলতা সাধারণ শিক্ষার মানসমূহের থেকে সহজতর।

সবচেয়ে গুরুতর জ্ঞান প্রতিবন্ধী শিক্ষার্থী বলতে আমরা কী বোঝাচ্চি?

"সবচেয়ে গুরুতর জ্ঞান প্রতিবন্ধী শিক্ষার্থী" বলতে সেই সব শিক্ষার্থীদের বোঝানো হচ্ছে, যাদের বোঝার ক্ষমতা সীমিত এবং তার সাথে রয়েছে আচরণগত এবং/বা দৈহিক সীমাবদ্ধতা, এবং সমাজে সম্ভাব্য ও অর্থবহভাবে অংশগ্রহণের জন্য ও আত্মসিদ্ধি লাভের জন্য যাদের সম্পূর্ণ সম্ভাবনাকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য উচ্চ স্তরের বিশেষায়িত শিক্ষামূলক, সামাজিক, মনস্তাত্বিক এবং চিকিতসাগত পরিষেবার প্রয়োজন রয়েছে।

NYSAA-এ অংশ নেওয়া কাদেব জন্য জরুবী?

শুধুমাত্র সবচেয়ে গুরুতর জ্ঞান প্রতিবন্ধী শিক্ষার্থীরাই NYSAA-এ অংশ নেওয়ার যোগ্য। বিশেষায়িত শিক্ষা কমিটি (Committee on Special Education, CSE) কোনো গুরুতর জ্ঞান-প্রতিবন্ধী শিক্ষার্থী NYSAA-এ অংশ নেওয়ার জন্য যোগ্য কি না, তা নিম্নলিখিত মানদণ্ডের ওপর ভিত্তি করে নির্ধারণ করে:

- শিক্ষার্থীর গুরুতর জ্ঞান প্রতিবন্ধীতা আছে, যোগাযোগ/
 তাষার ব্যবহারে যথেষ্ট সীমাবদ্ধতা আছে এবং
 অভিযোজনমূলক আচরণে উল্লেখযোগ্য ঘাটতি রয়েছে;

 এবং
- শিক্ষার্থীর উচ্চ স্তরের বিশেষায়িত শিক্ষাদান কর্মসূচি
 প্রয়োজন, যেখানে স্বাভাবিক পরিবেশগুলির (যেমন
 বাড়ি, স্কুল, কমিউনিটি এবং/বা কর্মস্থলে) মধ্যে বিভিন্ন
 দক্ষতা অর্জন, প্রয়োগ এবং স্থানান্তরের সুবিধা আছে;

 এবং

 এবং
- শিক্ষার্থীর শিক্ষাগত সাহায্যমূলক ব্যবস্থা (যমন সহায়ক প্রযুক্তি, ব্যক্তিগত সেবা সুবিধা বা আচরণগত ক্ষেত্রে হস্তক্ষেপের প্রযোজন আছে।



NYSAA নিম্নলিখিত ক্ষেত্রসমূহে শিক্ষার্থীর কার্যদক্ষতা মূল্যায়ন করে:

ইংরেজি ভাষা কলা (ELA), গণিত এবিং বিজ্ঞান

ডায়নামিক লার্নিং ম্যাপস (Dynamic Learning Maps, DLM)-এর বিকল্প মূল্যায়ন ব্যবস্থা ব্যবহার করে ELA, গণিত এবং বিজ্ঞানের মূল্যায়ন করা হয়। DLM হল একটি কম্পিউটার সরবরাহকৃত পরিবর্তনশীল মূল্যায়ন ব্যবস্থা, যা অপরিহার্য উপাদান (Essential Elements)-এর ওপর শিক্ষার্থীদের জ্ঞান পরিমাপ করে। অপরিহার্য উপাদান হল কৃতিত্ব অর্জনের বিকল্প মানদণ্ড যা শিক্ষা সংক্রান্ত মানের থেকে গভীরতা ও বিস্তৃতিতে সংক্ষিপ্ত। ELA ও গণিতে, শিক্ষার্থীদের শুধুমাত্র গ্রেড 3-৪ পর্যন্ত প্রতি বছর একবার এবং সেকেন্ডারি লেভেলে ওঠার পর থেকে হাই স্কুল থেকে বের হওয়ার আগে পর্যন্ত একবার করে মূল্যায়ন করা হয়। বিজ্ঞানের ক্ষেত্রে, শিক্ষার্থীদের 5, ৪ গ্রেডে মূল্যায়ন করা হয় এবং সেকেন্ডারি লেভেলে ওঠার পর থেকে হাই স্কুল থেকে বের হওয়ার আগে পর্যন্ত একবার করে মূল্যায়ন করা হয় এবং সেকেন্ডারি লেভেলে ওঠার পর থেকে হাই স্কুল থেকে বের হওয়ার আগে পর্যন্ত একবার করে মূল্যায়ন করা হয়।

স্কোবসমূহ

NYSAA স্থোর কী কাজে ব্যবহৃত হ্য়?

NYSAA স্কোর আপলাকে ও আপলার সন্তালের শিক্ষককে দেখায় যে, গ্রেড পর্যায়ের বিকল্প কৃতিত্ব অর্জন মানদণ্ডের বিপরীতে আপলার সন্তালের কতটা আগ্রগতি হয়েছে। এই স্কোরগুলি আপলাকে:

- আপনার সন্তানের শক্তি ও প্রয়োজনগুলি সঠিকভাবে বুঝতে সাহায্য করবে; এবং
- আপনার সন্তানের একক ব্যবহারের জন্য বিশেষায়িত
 শিক্ষা প্রকল্প (Individualized Education Program, IEP) নিমে অর্থবহ আলোচনার জন্য প্রয়োজনীয়
 গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করবে; **এবং**
- আপনার সন্তানের শিক্ষায় গুরুত্বপূর্ণ বিষয় নির্ধারণে সাহায্য করবে যেগুলো তার কার্যকক্ষাশিক্ষাগত লক্ষ্যসমূহ এবং স্বল্পমেয়াদী উদ্দেশ্য সম্পর্কে জানাবে;

 এবং
- একাধিক পরিবেশ জুড়ে আপলার সন্তানের জন্য যোগাযোগের সবচেয়ে কার্যকরী উপায় চিহ্নিত করতে সাহায্য করবে।

